গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(রাজস্ব শাখা)
www.khagrachhari.gov.bd

নম্বর : ০৫.৪২.৪৬০০.০১৪.১১.০৬৬.২৩-৫৪০

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ৩০ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ০৮ নভেম্বর, ২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৯.৫৩২ নং ছাড়পত্র মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলার ০৮ (আট) টি উপজেলা ভূমি অফিসের জন্য নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে http://dckc.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা
০১	সার্টিফিকেট পেশকার গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	০২ (দুই) টি	ক) স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ থাকতে হবে।
০২	সার্টিফিকেট সহকারী গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	০২ (দুই) টি	ক) স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ থাকতে হবে।
০৩	ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	০৩ (তিন) টি	ক) স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ থাকতে হবে।

আবেদনের শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা আগামী ০৬/০৫/২০২৪ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। অসত্য/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত বা প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোনো পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুল প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত বা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক নিম্নোক্ত প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) জেলা প্রশাসক/চীফ সার্কেল কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র;

ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত তৎসংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সনদপত্র;

CamScanner

জ) প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ন্যূনতম ৯ম গ্রেডের সরকারি কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ঝ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ট) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঠ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

০৫। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৭। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

০৮। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

০৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১০। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। শর্তাবলীতে উল্লিখিত নয় এমন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১২। লিখিত ও মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্র এবং Applicant's Copy সঙ্গে থাকা বাধ্যতামূলক।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

১৩। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dckc.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
অনলাইনে আবেদনপত্র গ্রহণের শুরুর তারিখ: ০৬/০৫/২০২৪ সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ: ২৫/০৫/২০২৪ সন্ধ্যা ৬.০০ ঘটিকা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইনে আবেদন পত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100kb এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60kb হবে।

গ) Online এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা-সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে নিজে শতভাগ নিশ্চিত হবেন। Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নম্বর ১ হতে ৩ পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ অফেরযোগ্য মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা অনধিক (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না।

চলমান পাতা-০৩

CamScanner

প্রথম SMS: DCKC<space>**User ID** লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে

Example: **DCKC ABCDEF** & send to 16222

Reply: Applicant's Name Tk. 223/- Will be Charged as application fee, Your PIN is xxxxx to ay fee Type DCKC<space>yes<space>PIN and sent to 16222.

দ্বিতীয় SMS: DCKC<space>**Yes**<space>**PIN** লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।

Example: **DCKC Yes 12345678**

Reply: Congratulations! (Applicant's Name), payment, completed successfully for DCKC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxx.) বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

চ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://dckc.teletalk.com.bd এবং জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ির ওয়েবসাইট www.khagrachhari.gov.bd এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) **User ID জানা থাকলে:**

DCKC<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222

Example: DCKC Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে:

DCKC<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & send to 16222

Example: DCKC Help PIN 1234567 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও খাগড়াছড়ি পার্বত্য জেলা-এর নিজস্ব ওয়েবসাইটে **www.khagrachhari.gov.bd** অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে http://dckc.teletalk.com.bd অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.khagrachhari.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online এ আবেদন করতে সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd বা dckhagrachhari@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টালের ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: DCKC, Post Name:****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে।

১৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা।

চলমান পাতা-০৪

CamScanner

১৬। কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৮। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(মো: সহিদুজ্জামান)
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩-৬১৮১১
dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০১৪.১১.০৬৬.২৩-

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ৩০ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম।
০৬। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৭। জেলা প্রশাসক.....(সকল)।
০৮। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা/রামগড় পৌরসভা/মাটিরাঙ্গা পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪। জেলা.....অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর /মাটিরাঙ্গা /রামগড় /পানছড়ি /গুইমারা /লক্ষ্মীছড়ি /মহালছড়ি /মানিকছড়ি /দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৬। উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর /মাটিরাঙ্গা /রামগড় /পানছড়ি /গুইমারা /লক্ষ্মীছড়ি /মহালছড়ি /মানিকছড়ি/দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭। সহকারী কমিশনার (ভূমি), খাগড়াছড়ি সদর /মাটিরাঙ্গা /রামগড় /পানছড়ি /লক্ষ্মীছড়ি /মহালছড়ি /মানিকছড়ি /দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ অফিস(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ.৫/এ.৭/এ রোড# ১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
২০। সম্পাদক, দৈনিক ...../.....বার্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা। উপরিউক্ত বিজ্ঞাপনটি ০০/০০/০০০০ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে (৪×২০ ইঞ্চি কলামে) প্রকাশ করে পত্রিকার (পাঁচ) কপি জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২১। অফিস কপি

জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা

CamScanner